



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
আই ল্যাব
www.a2i.gov.bd

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.০১৬.৯৯.০০০২.২০.২৭

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

বিষয়: এটুআই ইনোভেশন ফান্ড এর আওতায় অনুষ্ঠিত স্মার্ট ডিসট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২৩ প্রতিযোগিতার দুটি উদ্ভাবনী উদ্যোগের চুক্তি অকার্যকর ঘোষণা।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে উদ্ভাবনী সংস্কৃতির বিকাশে জাতীয় পর্যায়ে উদ্ভাবনী সংস্কৃতির বিকাশ, উদ্ভাবকদের দক্ষতা উন্নয়ন এবং উদ্ভাবনকে টেকসইকরণে অংশীদারিত্ব স্থাপনের লক্ষ্যে এটুআই বিগত সময়ে বিভিন্ন উদ্ভাবনী উদ্যোগকে কারিগরি ও আর্থিক সহায়তা প্রদান করে আসছে। এর ধারাবাহিকতায় আধুনিক জেলা বিনির্মাণে গত ২৬ জানুয়ারি ২০২৩ তারিখে 'স্মার্ট ডিসট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২৩ প্রতিযোগিতা' লঞ্চ করা হয়। প্রতিযোগিতায় ৬৪ জেলার ৬৪ টি উদ্ভাবনী আইডিইয়া হতে বিচারকমন্ডলীর মূল্যায়নের ভিত্তিতে ০৫টি উদ্ভাবনী আইডিইয়াকে অর্থায়নের প্রস্তাব নির্বাহী কমিটির ৬ষ্ঠ সভায় অনুমোদিত হয় এবং চুক্তি অনুযায়ী তাদের এটুআই ইনোভেশন ফান্ড হতে অর্থ প্রদান করা হয়। ০৫টি উদ্ভাবনী উদ্যোগের মধ্যে ঢাকা জেলা প্রশাসনকে চুক্তি অনুযায়ী "অগ্নি নির্বাপন ও গ্যাস নিঃসরণ ব্যবস্থাপনা" উদ্ভাবনী উদ্যোগের জন্য ৮০.০০ লক্ষ টাকা এবং ঠাকুরগাঁও জেলা প্রশাসনকে 'স্মার্ট ফুড গ্রেইন স্টক ম্যানেজমেন্ট' উদ্ভাবনী উদ্যোগের জন্য ১৫.০০ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

২। পরবর্তীতে, ঢাকা ও ঠাকুরগাঁও জেলা প্রশাসন তাদের উদ্যোগ দুটি নিয়ে অগ্রসর হতে অপরাগতা প্রকাশ করে এবং পরিশোধিত অর্থ ফেরত দিতে ইচ্ছা প্রকাশ করে। এ বিষয়ে গত ১২ মার্চ ২০২৫ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে এটুআই ইনোভেশন ফান্ডের নির্বাহী কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায়, বিবেচ্য ০২টি উদ্ভাবনী উদ্যোগের ইনোভেটরদের সাথে সম্পাদিত চুক্তি অকার্যকর করে অর্থ ফেরত আনার ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। এমতাবস্থায়, এটুআই ইনোভেশন ফান্ড এর নির্বাহী কমিটির সিদ্ধান্ত অনুযায়ী, 'স্মার্ট ডিসট্রিক্ট ইনোভেশন চ্যালেঞ্জ ২০২৩' থেকে নির্বাচিত 'অগ্নি নির্বাপন ও গ্যাস নিঃসরণ ব্যবস্থাপনা' এবং 'স্মার্ট ফুড গ্রেইন স্টক ম্যানেজমেন্ট' উদ্ভাবনী উদ্যোগগুলোর ইনোভেটরদের সাথে সম্পাদিত চুক্তি অকার্যকর ঘোষণা করা হলো এবং প্রাপ্ত অর্থ ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৩-০৬-২০২৫

মোঃ রশিদুল মান্নাফ কবীর

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব)

৫৫০০৬৯৩১

pd@a2i.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা জেলা (অগ্নি নির্বাপন ও গ্যাস নিঃসরণ ব্যবস্থাপনা এর উদ্ভাবক)।
- ২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও জেলা (স্মার্ট ফুড গ্রেইন স্টক ম্যানেজমেন্ট এর উদ্ভাবক)।

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০০০.০১৬.৯৯.০০০২.২০.২৭/১ (২)

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
- ২। অফিস কপি, এটুআই প্রোগ্রাম।



R.A.R.

০৩-০৬-২০২৫

মোঃ রশিদুল মান্নাফ কবীর

প্রকল্প পরিচালক (যুগ্মসচিব) (অতিরিক্ত দায়িত্ব)